গাংনীতে আওয়ামীলীগের প্রতিবাদ মিছিল

গাংনীতে বিএনপি জামাতের নৈরাজ্য,অপপ্রচার ও সন্ত্রাসীমুলক কর্মকান্ডের প্রতিবাদে প্রতিবাদ মিছিল করেছে গাংনী উপজেলা ছাত্রলীগ,কৃষকলীগ ও সেচ্চাসেবক লীগ।

শনিবার বেলা ১২ টার সময় একটি প্রতিবাদ মিছিল গাংনী বাজার বাসস্ট্যান্ড রেজাউল চত্বর থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। প্রতিবাদ মিছিলের নেতৃত্ব দেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক । মিছিল শেষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্য রাখেন এমএম খালেক। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মস্তফা,উপজেলা কৃষক লীগের সভাপতি আতিয়ার রহমান,সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, শ্রমিক লীগের আহবায়ক মনিরুল ইসলাম মনি, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, গাংনী সরকারি ডিগ্রী কলেজের সভাপতি শাহিন রেজা প্রমুখ।

মুজিবনগরে বাংলাদেশ খ্রিস্টান এসোসিয়েশনের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলার খ্রিস্টান সম্প্রদায় কে সংঘটিত করে দেশ ও জাতির উন্নয়নের অংশীদার হওয়ার লক্ষ্যে বাংলাদেশ খ্রিস্টান এসোসিয়েশন মুজিবনগর শাখার বিশেষ সাধারণ সভা ও দ্বি-বর্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল ১১ টার দিকে বাংলাদেশ খ্রিস্টান অ্যাসোসিয়েশন

মুজিবনগর শাখার আয়োজনে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স জেলা পরিষদ ডাকবাংলায় এই সভা অনুষ্ঠিত হয়।

সাধারণ সভা ও দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠানে ভবেরপাড়া চার্চের পালক পুরোহিত ফাদার বাবুল বৈরাগীর সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ,সিস্টার মালতি মালো,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ড সদস্য সিবাস্তিন মল্লিক ঝড়ু সহ সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ।

সাধারণ সভা ও অলোচনার মধ্য দিয়ে আনুষ্ঠানে উপস্থিত সকলের সমর্থনে নির্বাচন প্রার্থীদের মধ্য থেকে সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী আগামী দুই বছরের জন্য মুজিবনগর উপজেলায় বাংলাদেশ খ্রিস্টান এসোসিয়েশন মুজিবনগর উপজেলার সভাপতি, সাধারণ সম্পাদকসহ ১১ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ খ্রিষ্টান এসোসিয়েশনের মুজিবনগর উপজেলার নির্বাচিত কমিটিতে -বাগোয়ান ইউনিয়নে ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিককে সভাপতি এবং বাগোয়ান ইউনিয়ন ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মারিও শুশিত মন্ডল (গনা)সাধারন সম্পাদক এবং বাগোয়ান ইউনিয়ন ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সম্পাদক – টুইস মন্ডলকে সাংগঠনিক সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ঠ কমিটি গঠন করা হয়। কমিটির অন্যান্য সদস্য বৃন্দ হল, সহ-সভাপতি – সিবাস্তিন মল্লিক ঝড়ু, সহ-সম্পাদক – আদম মন্ডল,সাংগাঠনিক প্রচার সম্পাদক- বিকাশ বিশ্বাস,দপ্তর সম্পাদক – পিটার খাঁ,সদস্য – তৃপ্তি মন্ডল, মেরী সুখী মল্লিক, রিন্টু সরকার, গাব্রেয়েল মন্ডল।

বাংলাদেশ খ্রিস্টান এসোসিয়েশন মুজিবনগর উপজেলার উপদেষ্টা মন্ডলী হিসাবে আছেন – সকল প্যারিসের পুরোহিত গন, মাইকেল বিশ্বাস ও প্রশান্ত মন্ডল।

এছাড়াও উপস্থিত ছিলেন চার্চ কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ও সদস্য, যুব সংঘের সভাপতি,বল্লবপুর মিশন মাধ্যমিক এর প্রধান শিক্ষক রিঠু বিশ্বাস প্রমুখ।

মুজিবনগরে বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উদযাপন

“সবার মাঝে ঐক্যগড়ি ব নারী ও শিশু নির্যাতন বন্ধ করি” “শেখ হাসিনার বারতা নারী পুরুষ সমতা” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উদযাপনে মানববন্ধন, আলোচনা সভা, জয়িতা’দের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ৯ টায় মুজিবনগর উপজেলার সামনে প্রধান সড়কে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস এর নেতৃত্বে নারী নির্যাতন প্রতিরোধে সমাজকে একতাবদ্ধ করতে মানববন্ধন ও র্যালী অনুষ্ঠিত হয়। পরে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় এর আয়োজনে, আলোচনা সভা, জয়িতাদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার অনিমেষ বিশ্বাস বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলার দুর্নীতিবিরোধী কমিটির সভাপতি বীরমুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান,সাধারণ সম্পাদক বাকের আলী।

আলোচনা অনুষ্ঠান শেষে, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস উদযাপন উপলক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং উপজেলা পরিষদ, মুজিবনগর এর সহযোগিতায় উপজেলা পর্যায়ে পরিচালিত “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায়, সমাজ উন্নয়নে অসামান্য অবদান রাখার জন্য মুজিবনগর উপজেলা পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে শ্রেষ্ঠ জয়িতা’দের সংবর্ধনা প্রদান করা হয়।জয়িতারা

হলেন, অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী হিসাবে সফল জয়ীতা মোনাখালি ইউনিয়নের গোপালনগর গ্রামের খালেদুজ্জামানের স্ত্রী মমতাজ খাতুন।

শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী শ্রেষ্ঠ জয়ীতা বাগোয়ান ইউনিয়নের রতনপুর গ্রামের আব্দুল লতিফ খানের স্ত্রী আসমা খাতুন।সফল জননী হিসাবে শ্রেষ্ঠ জয়ীতা হয়েছেন মোনাখালী ইউনিয়নের গোপালনগর গ্রামের আলামিন সর্দার এর স্ত্রী সামসুন্নাহার। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করায় শ্রষ্ঠ জয়ীতা মোনাখালী ইউনিয়নের ফয়জদ্দীন শেখ এর কন্যা রুপালী খাতুন।সমাজ উন্নয়নে অসামান্য অবদান রাখায় শ্রেষ্ঠ জয়ীতা মোনাখালী গ্রামের হায়াত আলীর কন্যা শিল্পি খাতুন।

বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচিত জয়িতা’দের ক্রেস্ট এবং সনদপত্র প্রদান করে সম্মানিত করা হয়। অনুষ্ঠানের শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক গন মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস থেকে উপকারভোগী মহিলারা উপস্থিত ছিলেন।

গাংনীতে দুই বিএনপি কর্মী গ্রেফতার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে দুই বিএনপি কর্মীকে গ্রেপ্তার করেছে। তাদের বিরুদ্ধে নাশকতার অভিযোগ রয়েছে বলে দাবি করেছে পুলিশ।

বৃহষ্পতিবার রাতে তাদেরকে নিজ নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। গ্রেফতারকৃত কর্মীরা হচ্ছেন- গাংনীর তেরাইল গ্রামের রকবুল হোসেনের ছেলে মন্টু মিয়া(৫০) ও বাওট গ্রামের মওলা বক্সের ছেলে সিরাজুল হক(৫৫)। দুজনকেই শুক্রবার সকালে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গত ২৮ নভেম্বর সন্ধ্যায়

গাংনী শহরে ছাত্রলীগের মিছিল চলাকালীণ সময়ে ককটেল বিষ্ফোরণ ঘটে। পুলিশ ঘটনাস্থল থেকে তিনটি ককটেল উদ্ধার করে। বিএনপি কর্মীরা ছাত্রলীগের উপর ককটেল হামলা করে উল্লেখ করে সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু একটি মামলা করেন। ওই মামলার আসামী হিসেবে মন্টু মিয়া ও সিরাজুল হককে গ্রেফতার দেখিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়।

গাংনীতে গলায় ফাঁস দিয়ে স্কুল ছাত্রীর আত্মহত্যা

মেহেরপুরের গাংনীতে গলায় ফাঁস দিয়ে মাসুরা খাতুন(১৫) নামের এক স্কুল ছাত্রীর আত্মহত্যার ঘটনা ঘটেছে।

আজ শুক্রবার সকালে এ মর্মান্তিক ঘটানা ঘটে। স্কুল ছাত্রী মাসুরা খাতুন উপজেলার হিজুলবাড়িয়া গ্রামের আব্দুল মতিন এর মেয়ে এবং হিজুল বাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেনীর ছাত্রী।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীর সূত্রে জানা যায়, মায়ের সাথে মনোমালিন্য জেরে নিজের শোয়ার কক্ষে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার চেষ্টা করে। পরের স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক আবীর হোসেন তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) আব্দুর রাজ্জাক জানান, স্কুলছাত্রী আত্মহত্যার ঘটনায় ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে,পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরে অসহায় ও হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে বহুমুখী মানব কল্যাণ সংস্থা নামের এক স্বেচ্ছাসেবী সংগঠন।

আজ বৃহস্পতিবার দুপুরে শহরের পৌর কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সাংবাদিক ও বেসরকারী টেলিভিশন এনটিভির সাবেক বিশেষ প্রতিনিধি আহম্মেদ পিপুল, পৌর প্যানেল মেয়র মাহাফুজুর রহমান। সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতিত্ব নুরুল আহম্মেদ।

অনুষ্ঠানে ৫শ জন হতদরিদ্র মানুষের হাতে কম্বল তুলে দেওয়া হয়। শীতের প্রথম দিকে কম্বল পেয়ে খুশি তারা।

বক্তারা বলেন, হতদরিদ্রদের মাঝে শুধু শীতবস্ত্র বিতরণ নয়, অসহায় শিক্ষার্থীদের মাঝে সংগঠনটির পক্ষ থেকে দেওয়া হচ্ছে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষণ। এতে তারা নিজেদের কর্মসংস্থান নিজেরাই তৈরি করতে পারছেন।

মেহেরপুরের প্রতিবন্ধী সাকিরুল হয়েছেন দেশ সেরা ও সফল

মেহেরপুরের সাকিরুল ইসলাম প্রতিবন্ধী হয়েও হয়েছেন দেশ সেরা ও সফল । কঠোর পরিশ্রমের ফলে সাবলম্বী হওয়া প্রতিবন্ধী সাকিরুল পেয়েছেন দেশ সেরা এ্যাওয়ার্ড। সারা দেশের মধ্যে যে চারজন প্রতিবন্ধী এ পুরুস্কার পেয়েছেন তাদের মধ্যে সাকিরুল অন্যতম। সে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর গ্রামের কৃষক জামাত আলীর ছেলে। গত ৩ ডিসেম্বর সমাজ কল্যাণ মন্ত্রনায়ল আয়োজিত বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে দেশ সেরাদের মধ্যে এ্যাওয়ার্ড প্রদান করেন সমাজ কল্যাণ মন্ত্রনালয়ের সচিব জাহাঙ্গীর আলম।

সাকিরুলের বয়স যখন ১০ কিংবা ১২। আর দশটা ছেলের মতোই সাকিরুল ছিল বেশ চটপটে ও দুরন্তপনা।খেলাধুলায় মেতে থাকত সারাক্ষণ। বন্ধুদের সঙ্গে খেলার ছলে সাকিরুল বাড়ির বৈদ্যুতিক খুঁটিতে উঠে হাত দেয় বৈদ্যুতিক তারে। এতেই ঘটে বিপত্তি। দুটি হাতই ঝলসে যায় । অনেক চিকিৎসার পরও কোনো উন্নতি না হওয়ায় শেষ পর্যন্ত দুটি হাত কেটে ফেলতে হয়। দুটি হাত হারিয়ে সাকিরুল হয়ে পড়েন কিংকর্তব্যবিমূঢ়। সাকিরুলের সঙ্গে তার পরিবারেও নেমে আসে হতাশা। অনেকেই সাকিরূলকে অন্যের দ্বারে হাত পেতে সাহায্য চাওয়ার পরামর্শ দেন। কিন্তু এ পরামর্শ মানতে নারাজ সাকিরুল ও তার বাবা-মা। পারিবারিক ও প্রতিবেশীদের সহযোগিতায় তিনি গড়ে তুলেছেন ছাগলের খামার। ছাগল পালন করে সংসার চালিয়ে নিজেকে সাবলম্বী করে তুলেছেন তিনি।

৩১তম আন্তর্জাতিক ও ২৪ত জাতীয় প্রতিবন্ধী দিবস ২০২২ ইং উৎযাপন উপলক্ষে সফল প্রতিবন্ধী হিসেবে এ্যাওয়ার্ড গ্রহন করেন সাকিরুল । এসময় তাকে নগদ টাকা ও সম্মাননা স্মারক প্রদান করা হয়। দেশ সেরা এ্যওয়ার্ড পাওয়ায় মেহেরপুর জেলার সরকারি চাকরিজীবীসহ বিভিন শ্রেনীপেশার মানুষ তাকে অভিনন্দন জানান।

মেহেরপুর সদর উপজেলা সমাজ সেবা অফিসের রেজিষ্ট্রেশন অফিসার কাজি মুনসুর আলী জানান, জেলায় অনেক প্রতিবন্ধী রয়েছে তারা অনেক সংগ্রাম করে সংসার চালাচ্ছেন এবং সাবলম্বী হয়েছেন। সমাজ সেবা থেকে একটি তালিকা পাঠানো হয় ঢাকায়। এরমধ্যে সাকিরুলের নামটিও ছিল। সেই তালিকা অনুযায়ী চার জনকে দেশ সেরা প্রতিবন্ধীকে অনুপ্রেরণামুলক সম্মাননা দেয়া হয়। সাকিরুল দেশ সেরা সফল প্রতিবন্ধী হিসেবে স্বীকৃতি পাওয়ায় আমরাও তাকে আনুষ্ঠানিকভাবে অভিনন্দন ও সম্মান জানিয়েছি।

মেহেরপুর সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বী বিষয়টি নিশ্চিত করে বলেন, সাকিরুল ইসলামকে সমাজ সেবা মন্ত্রনালয় থেকে দেশ সেরা এ্যাওয়ার্ড দেয়ায় আমরা অনেক আনন্দিত। আমরাও সাকিরুলের বাড়িতে গিয়ে তাকে অভিনন্দন জানিয়েছি। সাকিরুলের এই অর্জন অনেক পরিশ্রমি প্রতিবন্ধীদের উৎসাহ যোগাবে। সাকিরুলকে সম্মাননা স্বারক ও নগদ ৩০ হাজার টাকা প্রদান করা হয়েছে বলে জানান তিনি।

আমঝুপি সাঁকোপাড়ার সড়ক মেরামতের দাবী স্থানীয়দের

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি সাঁকোপাড়ার মসজিদ থেকে শশ্মান ঘাট পর্যন্ত মাটির সড়কের পাশে বালি উত্তোলন করায় সড়কটি চলাচলের অনুপযোগী হয়ে উঠেছে। এ অবস্থায় ওই স্থানে বসবাসকারীরা সড়কটি মেরামতের দাবি তুলেছেন।

এনিয়ে সাঁকোপাড়ার লালন, শামিম, বারি, রফিকুল ইসলাম, মাহাতাব হোসেন, মারফত আলী, হাফিজুল, শাহানসহ অর্ধশতাধিক ব্যক্তি স্বাক্ষর দিয়ে জেলা প্রশাসকের কাছে আবেদন করেছেন। আবেদনটি স্থানীয় আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু সুপারিশ করে স্বাক্ষর করেছেন।

লিখিত দাবীতে তারা জানান, আমঝুপির সাঁকোপাড়ার গ্রামবাসী দীর্ঘ ৬০ থেকে ৭০ বছর যাবৎ কাজলা নদীর পাশের আমঝুপি নীলকুঠি থেকে শশ্মান ঘাট পর্যন্ত সড়কটি স্থাণীয়রা ব্যবহার করেন। সড়কদিয়ে আবাদী ফসল, জনসাধারণের চলাচল ও হিন্দু সম্প্রদায়ের লোকজন মরদেহ দাহ করার জন্য শ^সান ঘাটে নিতে ওই সড়কটি ব্যবহার করেন। সড়কের পাশে পুকুরেরর নামে বালি উত্তোলন করার জন্য সড়কটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। ফলে জনসাধারণনের চলাচল, আবাদী ফসল ঘরে তোলা, ও হিন্দুদের মরদেহ দাহ করার কাজে ব্যঘাত ঘটছে।

অভিযোগকারীদের মধ্যে মাজেদুজ্জামান ডাবলু জানান, কয়েক বছর আগে স্থানীয় প্রভাবশালী সাহাদুল মোল্লা ও তার ভাই আসাদুল মোল্লা বালি সড়কের পাশে বালি উত্তোলন করায় সড়কটি ভেঙে নস্ট হয়ে যায়। ওই সময় তাদের বাঁধা দিলেও তারা স্থানীয়দের কথা না শোনে বালি উত্তোলন করেছিলেন।

গাংনীতে ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ

মেহেরপুরের গাংনীতে ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর ১২ টার সময় কৃষি অফিস চত্বরে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়। ২০২২-২৩ অর্থবছরে সমন্বিত ব্যবস্থাপনা মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় সরকারি উন্নয়ন সহায়তায় (ভর্তুকি মূল্যে) কৃষি যন্ত্রপাতি বিতরণ করেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ লাভলী খাতুন।

গাংনী পোষ্ট অফিস পাড়ার ফারুক হোসেন একটি বেড প্লান্টার মেশিনের জন্য আবেদন করলে তার আবেদনটি উপজেলা কৃষক উন্নয়ন কমিটি যাচাই বাছাই করেন। পরে ফারুক হোসেনকে সরকারি ভর্তুকি মুল্যে একটি বেড প্লান্টার মেশিন প্রদান করা হয়।

এসময় কৃষক প্রতিনিধি শহিদুল ইসলাম বিশ্বাস,স্থানীয় সাংবাদিক ও বিভিন্ন অফিসের কর্মকর্তা কর্মচারিগন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) হিসেবে আজমল হোসেনের যোগদান

মেহেরপুর সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো: আজমল হোসেন মেহেরপুরে যোগদান করেছেন।

আজ বৃহস্পতিবার তিনি মেহেরপুরে যোগদান করলে পুলিশ সুপার মো: রাফিউল আলম তাকে ফুলেল শুভেচ্ছা জানান। এসময় মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সম্প্রতি মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) অপু সরোয়ার বদলি হওয়ায় তার স্থলাভিষিক্ত হলেন আজমল হোসেন।